গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সিলেট সদর,সিলেট।
web: sylhetsadar.sylhet.gov.bd

## ১৪২৭ বাংলা সনের জন্য সিলেট সদর উপজেলাধীন হাট-বাজার সমূহের ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সিলেট সদর উপজেলাধীন হাট-বাজার সমূহ ১৪২৭ বাংলা সনের জন্য একসনা ইজারা প্রদানের নিমিত্তে নিম্নলিখিত সিডিউল ও শর্তাবলী মোতাবেক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

১। সিডিউল প্রাপ্তির স্থান ঃ (ক) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়,সিলেট।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিলেট সদর, সিলেট।
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, সিলেট সদর, সিলেট।

২। দরপত্র দাখিলের স্থান ঃ (ক) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সিলেট সদর, সিলেট ।

| পর্যায় | দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৭/০২/২০২০ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৫/০৩/২০২০ইং বিকাল ৩.০০টা পর্যন্ত । | ০৫/০৩/২০২০ইং বিকাল ৩.৩০ টা । | --------- |
| ২য় | ১৬/০৩/২০২০ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ১৮/০৩/২০২০ইং বিকাল ৩.০০টা পর্যন্ত। | ১৮/০৩/২০২০ইং বিকাল ৩.৩০টা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৩য় | ২৯/০৩/২০২০ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ৩০/০৩/২০২০ইং বিকাল ৩.০০টা পর্যন্ত। | ৩০/০৩/২০২০ইং বিকাল ৩.৩০ টা। | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |
| ৪র্থ | ০৬/০৪/২০২০ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৭/০৪/২০২০ ইং বিকাল ৩.০০ টা পর্যন্ত। | ০৭/০৪/২০২০ইং বিকাল ৩.৩০ টা। | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত হাট-বাজারের ক্ষেত্রে প্রযোজ্য। |

(চলমান পৃষ্টা-০২

## হাট-বাজার ইজারা শর্তাবলী ঃ

০১। হাট-বাজার ইজারার মেয়াদ ১৪২৭ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর সময়ের জন্য বলবৎ থাকবে। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে ৩০ চৈত্র অপরাহ্নে বাজারটি উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রত্যর্পন করতে হবে। অন্যথায় আপনা আপনি প্রত্যর্পিত হবে।

০২। দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার ,সিলেট সদর ,সিলেট এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫%অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত টাকা হতে তা মিটানো হবে। জামানত বাবত সংরক্ষিত ৫% বা কর্তন বাদে তার অবশিষ্টাংশ ইজারার মেয়াদ শেষে প্রত্যর্পনযোগ্য হবে।

০৩। অনুমোদিত দরপত্র দাতা অবহিত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ পরিশোধ করবেন। অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে এবং কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেখে জামানত বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট হাট-বাজারটি পুনরায়/নতুন করে ইজারা প্রদানের ব্যবস্থা নেয়া হবে।

০৪। অনুমোদিত দরপত্র দাতা ইজারা মূল্যের উপর ৫% হারে আয়কর এবং ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) ট্রেজারী চালানের মাধ্যমে যথাক্রমে ১/১১৪১/০০৭০/০১১১ ও ১/১১৩৩/০০১৮/০৩১১ কোড নম্বরে সোনালী ব্যাংক/বাংলাদেশ ব্যাংক, সিলেট শাখায় জমা প্রদান করে চালানের মূল কপি অত্র কার্যালয়ে দাখিল করতে হবে। ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% টাকা এবং ৫% আয়কর ও ১৫% ভ্যাট এর টাকা একই তারিখে জমা প্রদান করতে হবে। অন্যথায় ইজারা চুক্তি সম্পাদন ও হাট-বাজারের দখল প্রদান করা হবে না।

০৫। সম্পুর্ন টাকা পরিশোধের পর অনুমোদিত দরপত্র দাতাকে হাট বাজারের দখল নির্ধারিত চুক্তি নামার মাধ্যমে প্রদান করা হবে। ইজারা চুক্তি ইজারাদার কর্তৃক সম্পাদিত হবে।

০৬। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট উপ-বন্দোবস্ত (সাব-লীজ) দিতে পারবেন না। বাজারের কোন রকম পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না। বাজারটি যথাযথ রক্ষনাবেক্ষনসহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা ইজারাদারকে গ্রহন করতে হবে।

০৭। দরপত্র খামের উপর যে বাজারটির জন্য দরপত্র দেয়া হচ্ছে সে হাট-বাজারের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রের প্রত্যেক পাতায় দরপত্র দাতাকে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮। হাট-বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার যথাযথভাবে মেনে চলতে বাধ্য থাকবেন।

০৯। সময় অতিবাহিত হয়ে গেলেও অতিবাহিত সময়ের জন্য ভবিষ্যতে কোনরুপ ক্ষতি পূরন দাবী করা যাবে না।

১০। দরপত্র দাতাগণ সংশ্লিষ্ট বাজারটি বর্তমানে যে অবস্থায় আছে তা পরিদর্শন করে দরপত্র দাখিল করতে পারবেন। পরবর্তীতে কোন অজুহাতে ইজারা বাতিলের আবেদন কিংবা ইজারা বাবদ প্রদত্ত অর্থ ফেরৎ চাওয়া যাবে না।

১১। এক বাজারের জন্য ক্রয়কৃত সিডিউল ফরম অন্য বাজারের জন্য ব্যবহার করা যাবে না।

১২। যে সব হাট বাজারের পেরীফেরীর মধ্যে গরু ছাগলের বাজার অন্তর্ভক্ত নয় সে সব বাজারে গরু ছাগলের হাট বসানো যাবেনা ।

১৩। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কতৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

১৪। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন। এ ছাড়া কর্তৃপক্ষ দরপত্র দাখিলের তারিখ পরিবর্তনের ক্ষমতাও সংরক্ষন করেন।

## ১৪২৭ বাংলা সনের জন্য ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা ও সিডিউল মূল্য ঃ

| ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | কাঙ্খিত সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১নং জালালাবাদ ইউ/পি | ০১। ইসলামগঞ্জ বাজার | ৮,১৪০/- | ৫০০/- | |
| | ০২। শাহজালাল বাজার | ৫,৫০০/- | ৫০০/- | |
| ২নং হাটখোলা ইউ/পি | ০৩। শিবের বাজার | ২২,৪২,১৬৬/- | ৫,২০০/- | মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগে মামলাভুক্ত শিবের বাজারের ৫২৫ ও ৫২৬ নং দাগ বাদে অন্যান্য দাগ ইজারাযোগ্য । |
| | ০৪। পিটারগঞ্জ বাজার | ১৫,৬৬৮/- | ৫০০/- | |
| | ০৫। উমাইরগাঁও বাজার | ১,৫০০/- | ৫০০/- | |
| ৩নং খাদিম নগর ইউ/পি | ০৬। সাহেব বাজার | ২,৫৬,৩৩৬/- | ১,২০০/- | |
| | ০৭। নয়া বাজার | ৪৯,৩৯০/- | ৫০০/- | |
| ৪নং খাদিম পাড়া ইউ/পি | ০৮। গোদাউরা বাজার | ৪,৮৮০/- | ৫০০/- | |
| | ০৯। পীরের বাজার | ৩০,২৫০/- | ৫০০/- | |
| | ১০। পরগনা বাজার | ৪,৫১০/- | ৫০০/- | |
| ৬নং টুকের বাজার ইউ/পি | ১১। পুরাতন টুকের বাজার | ১১.৬৮,৪৫৬/- | ৩,০০০/- | |
| | ১২। নতুন টুকের বাজার | ২২,০০০/- | ৫০০/- | |
| | ১৩। মৌলভী বাজার | ১,১০০/- | ৫০০/- | |
| ৭নং মোগলগাঁও ইউ/পি | ১৪। ফতেহপুর বাজার | ১,৭০০/- | ৫০০/- | |
| | ১৫। মোগলগাঁও বাজার | ৫,৫০০/- | ৫০০/- | |
| | ১৬। লালারগাঁও বাজার | ১,১০০/- | ৫০০/- | |
| | ১৭। করিমগঞ্জ বাজার | ১,১০০/- | ৫০০/- | |
| ৮নং কান্দিগাঁও ইউ/পি | ১৮। বলাউরা বাজার | ৬,১০৫/- | ৫০০/- | |
| | ১৯। মাসুকগঞ্জ বাজার | ১০,২৩০/- | ৫০০/- | |
| | ২০। কালীগঞ্জ বাজাল | ৬,৭১০/- | ৫০০/- | |

27/02/2020
(কাজী মহুয়া মমতাজ)
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।
E-mail : unosylhet@gmail.com

স্মারক নং-০৫.৪৬.৯১৬২.০০০.০০৫.২৭.২০. ১৩৫ (১০০) তারিখ ঃ ১২/০২/২০২০ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। জেলা প্রশাসক, সিলেট।
০২। উপ-পরিচালক,স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়,সিলেট।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
০৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ..........................................সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
০৫। সহকারী কমিশনার (ভূমি) সিলেট সদর, সিলেট। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
০৬। উপজেলা ....................................কর্মকর্তা(সকল) সিলেট সদর, সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান ..........................................(সকল) ইউ/পি, সিলেট সদর, সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ ।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা(সকল) ...................ইউনিয়ন ভূমি অফিস, সিলেট সদর, সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
০৯। সম্পাদক, দৈনিক উত্তরপূর্ব পত্রিকা , বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ১৩/২/২০২০খ্রিঃ তারিখে ভিতরের পাতায় সংক্ষিপ্ত আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। ইজারাদার ....................................................বাজার, সিলেট সদর, সিলেট।
১১। অফিস নথি।

১২/০২/২০২০
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।